

30

জননন্দিত মুক্তিযোদ্ধা ও সমাজসেবক শহীদের স্মৃতির প্রতি অবমাননা করা হচ্ছে। মুষ্টিমেয় হাতেগোনা গুটিকয়েক ব্যক্তির ষড়যন্ত্রে এলাকাবাসী ক্ষুব্ধ। অবিলম্বে জনগণের সর্বসম্মত রায়ের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে "ছিদ্দিকনগর উচ্চ বিদ্যালয়" নামকরণ ও স্কুলটিকে সরকারিভাবে নিবন্ধন করার জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানাচ্ছে।

এলাকাবাসীর পক্ষে

১। বেলায়েত হোসেন

২। সামসুল হক

৩। আঃ হাই

ছিদ্দিকনগর  
দাগনভূঞা, ফেনী

**ছিদ্দিকনগর উচ্চ বিদ্যালয়**

**নামকরণের আবেদন**

আমরা ফেনী জেলার দাগনভূঞা থানার অন্তর্গত ছিদ্দিকনগর গ্রামের অধিবাসী। '৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন এলাকার বিশিষ্ট মুক্তিযোদ্ধা ও সমাজসেবক জনাব আবু বকর ছিদ্দিক পাক হানাদার বাহিনীর হাতে নির্মমভাবে নিহত হন। '৭২ সালে স্বাধীনতা-উত্তর ফেনী জেলার মুক্তিযোদ্ধা এবং সর্বস্তরের মানুষে শহীদ ছিদ্দিক-এর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বিশাল সমাবেশে সর্বসম্মতিক্রমে ওই গ্রামের নাম পরিবর্তন করে "শহীদ ছিদ্দিকনগর" নামকরণ করেন। সুদীর্ঘ প্রায় ২০ বছর ছিদ্দিকনগর হিসেবে পরিচিতি অর্জন করে।

উল্লেখ্য যে, স্বাধীনতার পূর্বে ছিদ্দিকনগরের নাম ছিলো মোমারিজপুর। সম্প্রতি ছিদ্দিকনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন একই স্থানে কতিপয় মুখচেনা স্বার্থান্বেষী মহল স্বাধীনতার পূর্বের নামে মোমারিজপুর হাই স্কুল প্রতিষ্ঠা করেন। অত্যন্ত পরিতাপের বিষয় যে, সুদীর্ঘ ২০ বছর পরে এলাকার